আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/18/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টকিং অ্যাওয়ারনেস ডে-এর স্বীকৃতিতে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কগুলিকে আলোকিত করার নির্দেশ দিলেন

18 জানুয়ারি সন্ধ্যায় 16টি ল্যান্ডমার্ককে হলুদ আলোয় আলোকিত করা হবে

পুরো মাসের সোশ্যাল মিডিয়া সচেতনতার ক্যাম্পেইনের মনোযোগ থাকছে টেকনোলজির কারণে সম্ভব হওয়া স্টকিং এবং সোশ্যাল মিডিয়া নিরাপত্তার উপর

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে জানুয়ারিকে স্টকিং অ্যাওয়ারনেস মাস (Stalking Awareness Month) এবং জানুয়ারির 18 তারিখকে নিউ ইয়র্ক স্টেটে (New York State) স্টকিং অ্যাওয়ারনেস ডে (Stalking Awareness Day) হিসেবে একটি ঘোষণাপত্র জারি করে স্বীকৃতি দিয়েছেন, এবং তিনি স্টকিং এবং সকল ধরণের লিঙ্গভিত্তিক সহিংসতার কারণে প্রভাবিত মানুষের সম্মানে আজকে রাতে স্টেটের 16টি ল্যান্ডমার্ককে আলোকিত করার নির্দেশ দিয়েছেন।

"নিউ ইয়র্কবাসীকে গৃহ নির্যাতন এবং সকল ধরণের লিঙ্গভিত্তিক সহিংসতা থেকে রক্ষা করা ব্যক্তিগতভাবে আমার জন্য গুরুত্বপূর্ণ। সেজন্য নিউ ইয়র্কবাসীকে ক্ষতি থেকে রক্ষা করতে এবং নিউ ইয়র্ক যাতে সকলের জন্য একটি নিরাপদ স্থান হতে পারে তা নিশ্চিত করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমরা স্টেটের ল্যান্ডমার্কগুলিকে আলোকিত করবো, এবং নিউ ইয়র্ক স্টকিংয়ের মতো মারাত্মক অপরাধের বিরুদ্ধে সচেতনতা বাড়াচ্ছে, স্টকিংয়ের কারণে প্রভাবিত হওয়া সকলের প্রতি আমাদের সমর্থনকে আরেকবার নিশ্চিত করছে, এবং নিউ ইয়র্কের কমিউনিটিতে যাতে সহিংসতা এবং ভয় দেখানোর কোনো জায়গা না থাকে তা নিশ্চিত করতে কাজ করছে।"

এই ঘোষণাগুলি গভর্নরের জননিরাপত্তা এজেন্ডায় আরেকটি অতি গুরুত্বপূর্ণ অগ্রগামী ধাপ, এবং এখানে টেকনোলজির কারণে সম্ভব হওয়া স্টকিংয়ের প্রভাবের উপর মনোযোগ বাড়ানো হয়েছে: স্টকিংয়ের 80 শতাংশ ভিকটিম রিপোর্ট করেছেন যে টেকনোলজির মাধ্যমে তাদের স্টক করা হয়েছে, এবং ফেডারেল সাইবারস্টকিং কেসের 43 শতাংশে কাউকে ট্র্যাক করার জন্য সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ব্যবহার করা হয়েছে।

স্টকিং অ্যাওয়ারনেস ডে উদযাপন করতে যে 16টি ল্যান্ডমার্ককে আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Governor Mario M. Cuomo Bridge)
- কোসিউস্কো ব্রিজ (Kosciuszko Bridge)
- দ্য এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন (The H. Carl McCall SUNY Building)
- স্টেট এডুকেশন বিল্ডিং (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস – মেন গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds – Main Gate & Expo Center)
- নায়াগ্রা ফলস (Niagara Falls)
- দ্য "ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ (The "Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কোয়ার ভায়াডাক্ট (Grand Central Terminal - Pershing Square Viaduct)
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে
- MTA LIRR - পেন স্টেশনের ইস্ট ইন্ড গেটওয়ে (MTA LIRR - East End Gateway at Penn Station)
- ইরি ক্যানেলের উপর ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge over the Erie Canal)
- ময়নিহ্যান ট্রেন হল (Moynihan Train Hall)
- রুজভেল্ট আইল্যান্ড লাইটহাউস

স্টকিং অ্যাওয়ারনেস মাস উপলক্ষে এবং টেকনোলজির কারণে সম্ভব হওয়া স্টকিংয়ের ঘটনা বাড়তে থাকার কারণে, নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্স (Office for the Prevention of Domestic Violence, OPDV) একটি স্টকিং অ্যাওয়ারনেস মাসের সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন শুরু করেছে যাতে নিউ ইয়র্কবাসীকে ডিজিটাল বিপদ এবং নিজেদেরকে সুরক্ষিত রক্ষার উপায় সম্পর্কে জানানো যায়। ক্যাম্পেইনটিতে সহায়ক ভিডিও আছে যেখানে সোশ্যাল মিডিয়ার ব্যবহারকারীদের দেখানো হয় কীভাবে লোকেশন শেয়ারিং ব্লক করতে হয়, অনেক ব্যবহারকারীই জানেন না যে কিছু অ্যাপ্লিকেশন অটোমেটিকভাবে তা শেয়ার করে। স্টকিং এবং এই ব্যাপারে রিসোর্স কোথায় পাবেন তা সম্পর্কে আরো তথ্য জানতে, OPDV-এর Facebook, X (আগের নাম Twitter), Instagram এবং LinkedIn পেজ ভিজিট করুন।

OPDV এছাড়াও তাদের ভয়েসেস এ লেটেস্ট ভিডিও লঞ্চ করেছে: সার্ভাইভার স্টোরিজ (VOICES: Survivor Stories) সিরিজের সর্বশেষ ভিডিও প্রকাশ করেছে, যেখানে একজন ক্যাপিটাল রিজিয়নের (Capital Region) সার্ভাইভারের ব্যক্তিগত গল্প আছে যাকে পরিচিত একজন ব্যক্তি বহু বছর ধরে স্টক করেছেন। স্ক্যুইলারভিলের (Schuylerville) একজন বাসিন্দা, Cassandra Wilusz-এর (ক্যাসেন্ড্রা উইলাজ) স্টকার ইমেইল এবং সোশ্যাল মিডিয়ার মাধ্যমে তাকে হয়রানি করে তাকে মারাত্মক ভয় দেখিয়েছেন, নিজের গাড়ি এবং এরোপ্লেন দিয়ে তাকে

স্টক করেছেন, এবং একটি ভুয়া Facebook অ্যাকাউন্টের মাধ্যমে তার বাড়ির ছবি পোস্ট করেছেন। আপনি OPDV-এর YouTube চ্যানেলে, এখানে, ভিডিওটি দেখতে পারবেন।

অফিস ফর দ্য প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্সের এক্সিকিউটিভ ডিরেক্টর Kelli Owens (কেলি ওয়েন্স) বলেন, "আমরা জানি স্টকিং ভিকটিম এবং সার্ভাইভার এবং তাদের প্রিয়জনদের জন্য সত্যিকারের বিপদ তৈরি করতে পারে। দুঃখজনক হলো, ডিজিটাল ল্যান্ডস্কেপ দ্রুত বদলে যেতে থাকার কারণে যারা ক্ষতি করে তারা তাদের ভিকটিমদের ভয় দেখানো ও হুমকি দেওয়ার নতুন উপায় খুঁজে পাচ্ছে। স্টকিংসহ লিঙ্গভিত্তিক সহিংসতার ব্যাপারে সচেতনতা বাড়াতে সবসময় কাজ করার জন্য, এবং নিউ ইয়র্কবাসীকে রক্ষা করতে আপনার চেষ্টার জন্য আপনাকে ধন্যবাদ, গভর্নর Hochul (হোকল)। সকলের নিরাপদ বোধ করার অধিকার আছে, অনলাইনে, বাড়িতে, বা তারা যেখানেই যান না কেনো।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ ভিকটিম সার্ভিসেসের (Office of Victim Services, OVS) ডিরেক্টর Bea Hanson (বিয়া হ্যানসন) বলেন, "মানুষ অনেক সময় স্টকিংকে সবথেকে কম গুরুত্ব দেন, কিন্তু এই আচরণ ভয়ের কারণ হয় এবং এটির আকার বড় হতে পারে এবং এর ফলে মারাত্মক শারীরিক ক্ষতি হতে পারে। স্টকিং করা হচ্ছে এমন সবাইকে আমি জানাতে চাই যে OVS এই অপরাধকে গুরুত্ব দিচ্ছে। আমরা পুরো স্টেটে ভিকটিম সহায়তা প্রোগ্রামের তহবিল দিচ্ছি যা বিনামূল্যে সেবা দিয়ে থাকে। স্টকিং, অপরাধ এবং নির্যাতনের শিকার ব্যক্তিদের সমর্থন করতে আমাদের প্রোগ্রামের প্রতি গভর্নর Hochul (হোকল)-এর অবিচল প্রতিশ্রুতির আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসের (Office of Children and Family Services) কমিশনার Dr. DaMia Harris-Madden (ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন) বলেন, "স্টকিং প্রায়ই গৃহ নির্যাতনের একটি লুকানো ধরণ, হয়রানি এবং নিয়ন্ত্রণের একটি ইচ্ছাকৃত প্যাটার্ন যা ভিকটিমের নিরাপত্তা, স্থিতিশীলতা, এবং মানসিক সুস্থতাকে ক্ষতিগ্রস্ত করে। গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেট প্রতিরোধ, হস্তক্ষেপ, এবং রিসোর্সের অ্যাক্সেসের মাধ্যমে সার্ভাইভারদের জন্য সমর্থনকে জোরদার করছে। স্টকিং অ্যাওয়ারনেস মাস সম্পর্কে সচেতনতা বাড়ানোর জন্য এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর যে ভয়, ভয় দেখানো, এবং নির্যাতন ছাড়া বাঁচার অধিকার আছে তা আরেকবার নিশ্চিত করার জন্য অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেসে গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেসের (Division of Criminal Justice Services, DCJS) কমিশনার Rossana Rosado (রোসানা রোসাডো) বলেন, "টেকনোলজি বদলে যাচ্ছে, সেই সাথে স্টক করা এবং ভয় দেখানোর জন্য ব্যবহার করা কৌশলও। DCJS-এ আমরা টেকনোলজির কারণে সম্ভব হওয়া স্টকিং সনাক্ত ও তদন্ত করতে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের ট্রেনিং দেওয়া, আমাদের স্টেট এবং স্থানীয় পার্টনারদের মধ্যে সহযোগিতাকে জোরদার করা, এবং এজেন্সিগুলির কাছে দ্রুত হস্তক্ষেপ করতে ও ভিকটিমকে সুরক্ষা দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা ও জ্ঞান আছে তা নিশ্চিত করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে কাজ করি।"

গভর্নর Hochul-এর (হোকল) শাসনামলে, যানবাহন ট্র্যাকিং টেকনোলজিতে নির্যাতনকারীর অ্যাক্সেস শেষ করার মাধ্যমে, এবং পরিবার ও গৃহস্থালির সদস্যদের প্রোটেকশন অর্ডার দিয়ে, এবং Melanie’s Law-এর অধীনে ফ্যামিলি অফেন্স পিটিশন দায়ের করতে দিয়ে নিউ ইয়র্ক গৃহ নির্যাতনের ভিকটিম এবং সার্ভাইভারদের সুরক্ষা বাড়িয়েছে। তার মায়ের এক্স-বয়ফ্রেন্ডের হাতে প্রাণ হারানো Melanie Chianese-এর (মেলানি চিয়ানিজ) স্মৃতিতে নামকরণ করা আইনটি ভিকটিমদের কাছের মানুষকে রক্ষা করতে কাজ করে, যেহেতু নির্যাতনকারীরা প্রায়ই নিয়ন্ত্রণ ধরে রাখতে প্রিয়জনদের টার্গেট করেন।

স্টেটের অফিস ফর দ্য প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্স হলো দেশের একমাত্র ক্যাবিনেট-পর্যায়ের এক্সিকিউটিভ স্টেট এজেন্সি যা লিঙ্গভিত্তিক সহিংসতার সমস্যা সমাধানের প্রতি নিবেদিত কাজ করে। স্টেটের ডোমেস্টিক অ্যান্ড সেক্সুয়াল ভায়োলেন্স হটলাইন (Domestic and Sexual Violence Hotline) 24/7 খোলা থাকে: 800-942-6906 (ফোন), 844-997-2121 (টেক্সট) অথবা @opdv.ny.gov (চ্যাট)। অফিস অফ ভিকটিম সার্ভিসেস 200টির বেশি প্রোগ্রামকে তহবিল ও সমর্থন দেয় যারা অপরাধের ভিকটিম এবং সার্ভাইভারদের বিনামূল্যে এবং কনফিডেন্সিয়াল সরাসরি সেবা দিয়ে থাকে, যার মধ্যে আছে সঙ্কটের কাউন্সেলিং, সাপোর্ট গ্রূপ, অ্যাডভোকেসি, সিভিল আইনি সেবা, এবং থেরাপি, ইত্যাদি। একটি প্রোগ্রাম খুঁজে বের করতে এবং আরো জানতে OVS রিসোর্স কানেক্ট (OVS Resource Connect) ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন